

## সার ছাত্রদের জন্য বেসরকারী পর্যায়ে আধুনিক বী ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে

রিপোর্টার : গতকাল বুধবার  
শ্রী জমিয়াতুল মোদারেরছীনের  
উ ও সাবেক মন্ত্রী আলহাজ মাওলানা  
এ. মান্নান বলেছেন, মাদ্রাসাগুলোতে  
তিমুক্র পরিবেশ বজায় রেখে ভালো  
শিক্ষার তাগিদ দিতে হবে। শিক্ষা  
নতুনোতে শান্তি থাকলে দেশে শান্তি  
করে। এদেশের আলেম সমাজ

মাওলানা এম. এ. মান্নান  
মাদ্রাসাগুলো সবসময় এদেশে যাতে শান্তি  
ও স্থিতিশীলতা বজায় থাকে সেজন্য কাজ  
করেছে। তিনি মাদ্রাসার ছাত্রদের জন্য  
বেসরকারী পর্যায়ে একটি স্পেশালাইজড  
আধুনিক-আরবী ইসলামী বিশ্ববিদ্যালয়  
প্রতিষ্ঠার ঘোষণা দিয়ে বলেন, মাদ্রাসা  
শিক্ষকদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার  
সংগ্রামে আমরা বিজয়ী হয়েছি। এবার  
জ্ঞান-বিজ্ঞানের প্রতিযোগিতায় মাদ্রাসার  
ছাত্রদের উপযুক্ত করে গড়ে তুলতে  
জমিয়াতুল মোদারেরছীনের উদ্যোগে  
মসজিদে গাউসুল আযম কমপ্লেক্সে  
বেসরকারী আরবী ইসলামী বিশ্ববিদ্যালয়  
প্রতিষ্ঠা করা হবে। যেখানে মেডিকেল  
সাইন্স, ইঞ্জিনিয়ারিংসহ জ্ঞান-বিজ্ঞানের সব  
৭-এর পূঃ ৩-এর কঃ দেগুন



ইনকিলাব ৪ গতকাল (বুধবার) মহাখালীস্থ মসজিদে গাউসুল আযম  
কমপ্লেক্স মিলনায়তনে ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি) আয়োজিত  
আলোচনা সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ  
জমিয়াতুল মোদারেরছীনের সভাপতি ও সাবেক মন্ত্রী আলহাজ মাওলানা এম এ  
মান্নান। ডান পাশে উপবিষ্ট বিশেষ অতিথি ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম  
হোসেনের আল-কোরআন বিষয়ক উপদেষ্টা আলাউদ্দীন কায়েসী

### মাওলানা এম. এ. মান্নান

৮-এর পৃষ্ঠার পর  
শাখাতে মাদ্রাসার ছাত্ররা অধ্যয়নের সুযোগ  
পাবে। তিনি বলেন, মাদ্রাসায় এখন আর  
তথু গরীব মানুষের ছেলে-মেয়েরা লেখাপড়া  
করে না। মাদ্রাসা ছাত্রদের অপবাদ দেয়ার  
দিন শেষ হয়ে গেছে। এখন মাদ্রাসার ছাত্র  
ও শিক্ষকরা অধীনতকভাবে সঞ্চল।  
তাদের পোশাক-আশাক ও জীবনচরণে  
এখন আধুনিকতা এসেছে।  
গতকাল বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ  
(আইসিপি) আয়োজিত এক আলোচনা সভা  
ও ইফতার মাহফিলে তিনি প্রধান অতিথির  
ভাষণ দিচ্ছিলেন। মহাখালীস্থ মসজিদে  
গাউসুল আযম ও জমিয়াতুল মোদারেরছীনের  
কমপ্লেক্স মিলনায়তনে অনুষ্ঠিত উক্ত  
আলোচনাসভায় বিশেষ অতিথি ছিলেন  
ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের  
আল-কোরআন বিষয়ক উপদেষ্টা ও  
আন্তর্জাতিক কুরআন সমিতির সভাপতি কুরী  
আলাউদ্দীন আল কায়েসী। আলোচনায়  
অংশ নেন বিশিষ্ট সমাজসেবক হাজী লায়ন  
সাহাবউদ্দীন, জমিয়াতুল মোদারেরছীনের  
মহাসচিব মাওলানা আবদুল লতিফ,  
জমিয়তের মহানগর সভাপতি মাওলানা  
মোহাম্মদ ইউনুস, বিশিষ্ট শিল্পপতি জুফের  
রহমান রতন। আইসিপির প্রতিষ্ঠাতা  
সভাপতি আহমদ সেলিম রেজা, সাবেক  
সভাপতি মুফতী মোহাম্মদ ইলিয়াস,  
অধ্যাপক মোঃ জাকির হোসাইন,  
মোস্তাফিজুর রহমান নাসিম প্রমুখ।  
সভাপতিত্ব করেন আইসিপির কেন্দ্রীয়  
সভাপতি হাফেজ গোলাম মোস্তফা।  
সভায় আলহাজ মাওলানা এম. এ. মান্নান  
আরো বলেন, মাদ্রাসার ছাত্রদের রাজনীতির  
উর্ধ্বে থেকে নিজেদের কোরআনের চর্চা ও  
ইসলামের অনুসারী হিসেবে গড়ে তুলতে  
হবে। ছাত্র রাজনীতির ফলে শিক্ষার  
পরিবেশ নষ্ট হয় এবং দলীয় কোন্দলে  
আহত ও নিহত হতে হয়। কিন্তু এসব  
মুত্বাকে শহীদ বলা যায় না। তিনি বলেন,  
মাদ্রাসার ছাত্রদের রাজনীতিমুক্ত পরিবেশে  
লেখাপড়ার পাশাপাশি নিজেদের মেধা  
বিকাশের সুযোগ করে দেয়ার জন্য বিকল্প  
অরাজনৈতিক সংগঠন হিসেবে ইসলামী ছাত্র  
পরিষদ বা আইসিপি প্রতিষ্ঠা করা হয়েছে।  
সফররত ইরাকী মেহমান আলাউদ্দীন আল  
কায়েসী বলেন, ওলামা ইসলামে ওলামা বা  
জ্ঞানীদের মর্যাদা বৃদ্ধিতে মোহাম্মদীর  
সকলের উপরে। আজকের মাদ্রাসা ছাত্রদের  
আগামী দিনের আলেম হিসেবে নিজেদের  
গড়ে তুলতে হবে। নিজেদের জীবনে  
কোরআনের চর্চা ও ধর্মের অনুশীলন বৃদ্ধি  
করতে হবে। তিনি বলেন, অমুসলিমরা  
মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি করে  
রেখেছে। মুসলমানদের ঐক্যবদ্ধ হতে